

## নিউ ইয়র্ক স্টেট ইংলিশ অ্যাজ এ সেকেন্ড ল্যাঙ্গুয়েজ অ্যাচিভমেন্ট টেস্ট (NYSESLAT) সম্পর্কে তথ্য

### নিউ ইয়র্ক স্টেট ইংলিশ অ্যাজ এ সেকেন্ড ল্যাঙ্গুয়েজ অ্যাচিভমেন্ট টেস্ট (NYSESLAT) কী?

NYSESLAT হলো এমন একটি পরীক্ষা যা দিয়ে আপনার সন্তান কতটা ভালো ইংরেজিতে পড়তে, লিখতে, শুনতে এবং বলতে পারে সেটি মূল্যায়ন করে। NYSESLAT পরীক্ষাটি কয়েকদিন ব্যাপী অনুষ্ঠিত হয়।

আপনার সন্তানের বসন্ত 2021 NYSESLAT পরীক্ষার ফলাফল তার স্কুলকে 2021-2022 শিক্ষা বছরে ইংরেজিতে শিক্ষণ অব্যাহত রাখতে তার পরিষেবার ধরন কেমন হবে এবং কতটা ঘনঘন সেটি লাগবে তা নির্ধারণ করতে সহায়ক হবে। এর অন্তর্ভুক্ত ইংলিশ অ্যাজ অ্যা নিউ ল্যাঙ্গুয়েজ সার্ভিস এবং আপনার সন্তান যদি কোন বাইলিঙ্গুয়াল এডুকেশন প্রোগ্রামে এনরোলড থাকে তাহলে তার বাইলিঙ্গুয়াল (দ্বিভাষী) এডুকেশন সার্ভিস।

### কারা NYSESLAT দেয়?

কিভারগার্টেন থেকে 12 গ্রেডের শিক্ষার্থী যারা ইংরেজি ভাষা শিক্ষার্থী অথবা সাময়িকভাবে সেই হিসেবে পরিচিত তারা এই পরীক্ষাটি দেয়।

### এই স্কুল বছরে NYSESLAT পরীক্ষা কখন অনুষ্ঠিত হবে?

এই স্কুল বছরে, শিক্ষার্থীরা 19 এপ্রিল, 2021 এবং 9 জুন, 2021-এর মাঝে NYSESLAT পরীক্ষায় অংশ নেবে। স্কুলের দিনে শিক্ষার্থীরা NYSESLAT পরীক্ষায় অংশ নেয়।

### আমার সন্তান কোথায় NYSESLAT পরীক্ষায় অংশ নেবে?

আপনার সন্তানের স্কুলের একজন সার্টিফাইড শিক্ষক কর্তৃক সশরীর উপস্থিত শিক্ষার্থীদের NYSESLAT পরীক্ষা নেয়া হয়। আপনার সন্তান তার সহপাঠীদের সাথে পরীক্ষার সকল অথবা আংশিক ভাগ নিতে পারে। আপনার স্কুল সকল শিক্ষার্থীর স্বাস্থ্য এবং সুরক্ষা নিশ্চিতকরণে একটি সূচি প্রস্তুত এবং তৈরি করবে।

### আমার সন্তান পূর্ণ রিমোটভাবে স্কুলে অংশ নিচ্ছে। তারা কি তারপরও NYSESLAT পরীক্ষা দিতে পারবে?

যেসব শিক্ষার্থী এখনও পূর্ণ রিমোটভাবে স্কুলে অংশ নিচ্ছে তারা কী তবুও NYSESLAT পরীক্ষা দিতে পারবে। COVID-19-এর কারণে, তাদের জন্য এটি আবশ্যিক নয়। আপনি যদি চান আপনার সন্তান এই বসন্তে NYSESLAT পরীক্ষা দিক, অনুগ্রহ করে তার স্কুলে পরীক্ষার সময়সূচির জন্য যোগাযোগ করুন।

### আপনার সন্তান যদি পূর্ণ রিমোট স্কুলে অংশ নেয়, এবং 2021-এর বসন্তে NYSESLAT পরীক্ষা না দেয়, সেক্ষেত্রে কী হবে?

আপনার সন্তান যদি পূর্ণ রিমোট লার্নিংয়ে অংশ নেয় এবং NYSESLAT পরীক্ষা না দেয়, আপনার স্কুল তার ইংরেজি ভাষার উন্নতির ধরন এবং কত ঘনঘন সেই পরিষেবা দরকার সেটি নির্ধারণে তার সর্ব সাম্প্রতিক ইংরেজি ভাষার দক্ষতার স্তরটি 2021-2022 স্কুল বছরের জন্য ব্যবহার করবে।

এই ইংরেজি ভাষার দক্ষতার স্তরের ভিত্তি হতে পারে তার 2019-এর বসন্তে NYSESLAT পরীক্ষার স্কোর অথবা আপনার সন্তানের নিউ ইয়র্ক স্টেট আইডেন্টিফিকেশন টেস্ট ফর ইংলিশ ল্যাঙ্গুয়েজ লার্নারস্ (NYSITELL)-এর ফলাফল।

### NYSESLAT সম্পর্কে আমি কোথায় আরও জানতে পারি?

NYSESLAT পরীক্ষা সম্পর্কে আরও জানতে নিউ ইয়র্ক স্টেটের ওয়েবপেজ দেখুন, যেখানে বহু ভাষায় প্যারেন্ট গাইড পাওয়া যাবে: <http://www.nysed.gov/bilingual-ed/nysitell-and-nyseslat-parent-guides>